চুয়াডাঙ্গায় রেল বাজার ব্যবসায়ী সমিতির মানববন্ধন

চুয়াডাঙ্গা শহরের শতাব্দীর ঐতিহ্যবাহী রেল বাজার বাঁচাতে চুয়াডাঙ্গা রেল বাজার ব্যবসায়িক সমিতির আয়োজনে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল সাড়ে দশটার সময় রেল বাজার কৃষি ব্যাংকের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। চুয়াডাঙ্গা শহরের রেল গেটে ওভারপাস নির্মাণে রেলবাজারের এক পাশের দোকানপাট ম্যাপের মধ্যে পড়াই রেল বাজার ব্যবসায়ী সমিতি ‘উন্নয়নে বাধা নয়, পুনবার্সন চাই’ স্লোগানে এ মানববন্ধনের আয়োজন করে।

এ সময় ব্যবসায়ীরা বলেন, বর্তমান দেশের আর্থসামাজিক উন্নয়নে আমরা ব্যবসায়ী যারা আছি কোন প্রকার বাধা সৃষ্টি করতে চায় না কিন্তু চুয়াডাঙ্গা রেল বাজারের ফ্লাইওভারের কারণে কিছু দোকান অপসারণ হবে। কিছু ব্যবসায়ী ক্ষতিগ্রস্থ হবে যা কখনোই কাম্য নয়। শতবর্ষের পুরাতন বাজার রেল বাজার ভেঙ্গে কোন প্রকার উন্নয়ন আমরা চাই না। ঐতিহ্যবাহী রেল বাজার যদি ভেঙ্গে ফেলা হয় তাহলে ভেঙ্গে ফেলার আগে আমাদেরকে সঠিক পূর্ণবাসন ও ক্ষতিপূরণ সরকারকে দিতে হবে।

মানববন্ধনে উপস্থিত ছিলেন রেল বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি তৌফিকুল ইসলাম জোয়ার্দ্দার শাহিনের সভাপতিত্বে মানববন্ধনে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা দোকান মালিক সমিতির সভাপতি জগলু মিয়া, পরিবেশক সমিতির দপ্তর সম্পাদক অপু বিশ্বাস, জেলা দোকান মালিক সমিতির দপ্তর সম্পাদক ফারুক হোসেন, জেলা দোকান মালিক সমিতির সদস্য মনিরুজ্জামান মুকুল, রেল বাজার ব্যবসায়ী সমিতির অর্থ সম্পাদক লিমন মল্লিক, রেল বাজার দোকান মালিক সমিতির ব্যবসায়ীক নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন শুভ বিশ্বাস, আশরাফ,অর্পণ, রনি,মালেক সহ ব্যবসায়ীকবৃন্দ।

মানববন্ধনে সঞ্চালনা করেন রেল বাজার দোকান মালিক সমিতির সদস্য আরিফ শরিফ। ব্যবসায়ীরা দাবি করেন, রেল বাজারের একপাশে ডিস্ট্রিক বোর্ডের জায়গা আছে, সেখানে পুনবার্সন করার।

[redacted]

[redacted]

[redacted]

[

[redacted]

[redacted]

[redacted]

[

এ্যান্ড কোম্পানীর মহাব্যবস্থাপক (কৃষি) মোহাম্মদ আশরাফুল আলম ভুঁইয়া, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউটের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো.ইমাম হোসেন ও বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউটের ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা এবং চুয়াডাঙ্গার আকন্দবাড়িয়া উপকেন্দ্রের ইনচার্জ ওমর খৈয়ম। অনুষ্ঠিত এ মাঠ দিবসে শতাধিক আখচাষী উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় ৪৫ পিস ইয়াবাসহ গ্রেপ্তার ১

আলমডাঙ্গা উপজেলার ওসমানপুরে ৪৫ পিস ইয়াবাসহ ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে পুলিশ। বুধবার বিকেল সাড়ে ৪ টায় পারকুলার আনন্দ বাজার থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃত আসামী হলেন- হারদী ইউনিয়নের ওসমানপুর গ্রামের লাল চাঁদের ছেলে লাভলু হোসেন (৩৩)।

জানাগেছে, উপজেলার হারদি ইউনিয়নের ওসমানপুর গ্রামের লাভলু হোসেন দীর্ঘদিন গোপনে মাদকদ্রব্য ইয়াবার ব্যবসা করছে। সে নিজ গ্রামসহ বিভিন্ন এলাকায় মাদক ব্যবসা পরিচালনা করে। গতকাল বুধবার বিকেলে কালিদাসপুর ইউনিয়নের পারকুলা আনন্দ বাজার প্রাঙ্গণে মাদক বিক্রয় করছে। এমন সংবাদের ভিত্তিতে থানাপুলিশ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযান পরিচালনা করেন।

আনন্দবাজার বাজার প্রাঙ্গণ থেকে লাভলুকে আটক করে পুলিশ। তার শরীর তল্লাশী করে ৪৫ পিস ইয়াবা উদ্ধার করে। গ্রেপ্তারকৃত লাভলুর বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করেছে পুলিশ।

দামুড়হুদা মডেল থানা পুলিশের অভিযানে গরুসহ চোর আটক

দামুড়হুদা মডেল থানার পুলিশ অভিযান চালিয়ে গরুসহ একজন চোরকে আটক করেছেন। আটকৃত চোর হোসেন গাজি (৪০) নতুন বাস্তপুর গ্রামের মৃত মোতালেব গাজির ছেলে।

বুধবার বেলা ১১ টার দিকে নতুন বাস্তপুর গ্রামে হোসেন গাজির নিজ বসতঘর থেকে এই গরু উদ্ধার করা হয়।

জানাযায়,পুরাতন হাউলি গ্রামের মৃত আলিহিম গাজির ছেলে ইয়াছিন আলির গত মঙ্গলবার রাতে একটি এড়ে গরু চুরি হয়ে যায়।পরদিন সকালে গরুর মালিক গরুর পায়ের ছাপ ধরে নতুন বাস্তপুর গ্রামের মোতালেব গাজির ছেলে হোসেন গাজির বাড়ি হাজির হয়।পরে প্রতিবেশীদের সঙ্গে নিয়ে হোসেন গাজির বাড়ি তল্লাশি করে একটি লাল রংয়ের এড়ে গরুর বাছুর উদ্ধার করেন। পরে পুলিশকে খবর দিলে দামুড়হুদা মডেল থানার এস আই খসরু আলমগীর সঙ্গীয় ফোর্সসহ তাকে আটক করেন।

দামুড়হুদা মডেল থানার হোসেন গাজির বিরুদ্ধে মামলার প্রক্রিয়া চলছে।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির সত্যতা নিশ্চিত করে বলেন একটি গরুসহ গরুচোরকে আটক করা হয়েছে। মামলা প্রক্রিয়াধীন।

দামুড়হুদায় ভূমিহীনদের মাঝে ৪র্থ পর্যায়ে ঘর প্রদান

ভূমিহীন-গৃহহীন পরিবারকে ৪র্থ পর্যায়ে (২য় ধাপে) সারা দেশব্যাপী নির্ধারিত গৃহসমূহ উপকারভোগী ২২,১০১ টি ভূমিহীন-গৃহহীন পরিবারের নিকট জমি ও গৃহ সহ হস্তান্তর কার্যক্রমের (বিটিভি লিংকের মাধ্যমে) ভিডিও কনফারেন্সের মাধ্যেম শুভ উদ্বোধন করেন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

আজ বুধবার সকাল সাড়ে ৮ টার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে জমিসহ গৃহ হস্তান্তর কার্যক্রমের শুভ উদ্বোধন ভিডিও কনফারেন্সের মাধ্যমে দেখানো হয়। এসময় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন ছিল এদেশকে সোনার বাংলাদেশে রূপান্তরিত করা এবং বাংলাদেশের যেন একটি পরিবারও গৃহহীন না থাকে। সেই লক্ষ্যে বর্তমান আওয়ামী লীগ সরকার কাজ করে যাচ্ছে।

অনুষ্ঠানে এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) সজল কুমার দাস, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: হেলেনা আক্তার নিপা, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, দামুড়হুদা মডেল থানার ওসি তদন্ত শফিকুল ইসলাম, ওসি অপারেশন শফিউল আলম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, পার কৃষ্ণপুর মদনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এস এ এম জাকারিয়া আলম, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিনসহ উপজেলার সকল দপ্তরের কর্মকর্তা ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের মটরসাইকেল শোডাউন

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে আজ বুধবার বিকালে দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি আরিফুর ইসলাম মল্লিক ও সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু’র নেতৃত্বে দামুড়হুদা উপজেলা ছাত্রলীগ প্রায় তিন শত মটর সাইকেলের এক বিশাল

শোডাউন করেছে।

”শেখ হাসিনার সালাম নিন নৌকা মার্কায় ভোট দিন” এ শ্লোগান দিয়ে স্থানীয় সাংসদ হাজী আলী আজগার টগর এমপির পক্ষে এই মটর সাইকেলের বহর চিৎলা থেকে বের হয়ে উপজেলাব্যাপী প্রদক্ষিন করে।

উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক রিংকু বলেন, আসন্ন নির্বাচনে নৌকা প্রতীকের জয় নিশ্চিত করতে এমপি টগর এর নির্দেশে উপজেলা ব্যাপী মটরসাইকেল শোডাউনের করা হয়। আজ বুধবার বিকালে উপজেলার দামুড়হুদা, হাউলী, দর্শনা,কুড়ালগাছি,কার্পাসডাঙ্গা ইউনিয়নের বিভিন্ন জায়গার নেতাকর্মীরা মটর সাইকেল নিয়ে জননেত্রী শেখ হাসিনার উন্নয়ন তুলে ধরে নৌকার পক্ষে ভোট চান নেতা কর্মীরা।

সবার হাতে নৌকা সম্বলিত প্লাকার্ড, বঙ্গবন্ধু ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছবি সহ তাতে লেখা নৌকা মার্কায় ভোট দিন। এই শোডাউনে প্রায় ৬ শতাধিক ছাত্রলীগ নেতা কর্মী অংশ নেন। প্রায় তিন শত মটর সাইকেল শোডাউনের নেতৃত্ব দেন উপজেলা ছাত্রলীগের সভাপতি আরিফ মল্লিক ও সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু।

এ সময় উপস্থিত ছিলেন, হাউলী ইউনিয়ন ছাত্রলীগের আহবায়ক রাসেল আহাম্মেদ,যুগ্ন আহবায়ক রায়হানুল ইসলাম। নাটুদা ইউনিয়ন ছাত্রলীগ সভাপতি লিমন খান, ছাত্রলীগ নেতা ছালিম হোসেন, তারিকুল, সুলতান, মিফতাহ, হেকমত, শফিকুল, মফিজুল, ছাত্রলীগ নেতা রায়হান, সুলতান, শাহিন, শিমুল, সাজ্জাদ, শেখ রাসেল, সুমন, লিংকন, লিজন, রাজ্জাক, আল মামুন, ছাইদুর, নাইমুর, সাগর প্রমুখ।

দামুড়হুদায় জাকের পার্টির নির্বাচনী কাউন্সিল ও মতবিনিময় সভা

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে চুয়াডাঙ্গা-২ আসনে জাকের পার্টির নির্বাচনী কাউন্সিল ও মতবিনিময় সভা অনুষ্ঠিত

হয়েছে।

আজ বুধবার বেলা ১২টার দিকে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে জাকের পার্টি ও সহযোগী সংগঠনের আয়োজনে সভাটি অনুষ্ঠিত হয়।

জাকের পার্টির চুয়াডাঙ্গা জেলা সভাপতি ও কেন্দ্রীয় কমিটির সদস্য আব্দুল লতিফ খান যুবরাজের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাকের পার্টির জাতীয় স্থায়ী কমিটির মহাসচিব শামীম হায়দার। এসময় বিশেষ অতিথি ছিলেন জাকের পার্টির জাতীয় স্থায়ী কমিটির সদস্য মাহাবুবুর রহমান, শেখ নজরুল ইসলাম লিটন, আলহাজ্ব মুফতি মাওলানা মাসুম বিল্লাহ, রবিউল ইসলাম রবি।

অনুষ্ঠানের শুরুতেই জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করা হয়। এরপর অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা জাকের পার্টির সাধারণ সম্পাদক মোঃ মজিবর রহমান।

জাকের পার্টির কেন্দ্রীয় কমিটির সদস্য আলহাজ্ব মুফতি শরিফুল ইসলাম সাইফী’র সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জাকের পার্টির যুব স্বেচ্ছাসেবক ফ্রন্ট কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক মোর্শেদ হাসান জামাল, মৎস্যজীবী ফ্রন্টের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মোঃ দেলোয়ার হোসেন, সিনিয়র ও যুব হিন্দু ভক্ত ফ্রন্টের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক বিপ্লব বণিক, শ্রমিক ফ্রন্টের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মোঃ নজরুল ইসলাম, বাস্তহারা ফ্রন্টের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মোঃ আব্দুল রশিদ হাওলাদার, কৃষক ফ্রন্টের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক কৃষক মহিউদ্দিন ফকির, তালাবা ফ্রন্টের কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক মাও কাউসার আহমেদ চাঁদপুরীসহ দামুড়হুদা উপজেলা ও জীবননগর উপজেলার জাকের পার্টির নেতৃবৃন্দ প্রমুখ।

মতবিনিময় সভায় জাতীয় পাটির সদস্যদের মাঝ থেকে গণতান্ত্রিকভাবে গোপন ভোটের মাধ্যমে চুয়াডাঙ্গা-২ আসনের প্রার্থী নিবাচন করা হয়। এতে জাকের পার্টির চুয়াডাঙ্গা জেলা সভাপতি আব্দুল লতিফ খান যুবরাজকে নির্বাচিত করে চুয়াডাঙ্গা-২ আসনের প্রার্থী ঘোষণা করা হয়।

[redacted]

[redacted]

কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামীম রেজার উপস্থাপনায় উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারন কর্মকর্তা সোহেল রানা, উপজেলা জেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা, মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হক, উপজেলা প্রকৌশলী আরিফুদ্দৌলা, উপজেলা রিসোর্চ ইন্সটেক্টর জামাল হোসেন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, জনস্বাস্থ্য সহকারি হাসিবুজ্জামান, খাদ্য পরিদর্শক(ওসিএলএসডি) লিটন কুমার বিশ্বাস, মহিলা বিষয়ক কর্মকর্তা মাখছুরা জান্নাত, তথ্য কর্মকর্তা স্নিগ্ধা দাস, পাইলট বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান, উপসহকারি মেডিকেল অফিসার ডা. মঞ্জুরুল হক বেলু, আলমডাঙ্গা ওজোপাডিকোর আবাসিক প্রকৌশলী শাহিনুর রহমান, উপসহকারি প্রকৌশলী রোকন উদ্দিন, আবু তৈয়ব, লাইনম্যান মাহমুব আলম, মেহেরপুর পল্লীবিদ্যুৎ সমিতির আলমডাঙ্গা জোনাল অফিসের ডিজিএম আবু হাসান, পিইউসি শাহাদৎ হোসেন,ইসি মশিউর রহমান প্রমুখ। আলোচনা সভা শেষে বঙ্গমাতার জন্মদিন উপলক্ষে সেলাই মেশিন বিতরণ করা হয়।

দর্শনা ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ গ্রেফতার ১

দর্শনায় পুলিশের অভিযানে ট্যাপেন্টাডল ট্যাবলেট সহ সোহাগ ঘটু
(৩০) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে পুলিশ।

মঙ্গলবার দুপুর ১ টার দিকে দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহার নেতৃত্বে থানার একটি চৌকস পুলিশ দল মাদক বিরোধী বিশেষ অভিযান চলায় দর্শনা পৌর এলাকার মোবারক পাড়ায়।

এসময় মোবারকপাড়ার জৈনক নজরুল ইসলাম মাষ্টারের বসত বাড়ির সামনে পাকা রাস্তার উপর থেকে ১শ পিস মাদকদ্রব্য ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ হাতে,নাতে গ্রেফতার করা হয় সোহাগ ঘটু (৩০) নামের এক মাদক ব্যবসায়ীকে।

গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ী সোহাগ ঘটু দামুড়হুদা উপজেলার দর্শনা

পৌর এলাকার শান্তিপাড়ার আবুল খালেকের ছেলে। গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে, চোরাচালান, চুরি, চোরাই মাল হেফাজতে রাখা ও মারামারি ৭ টি মামলা ইতিপূর্বে রয়েছে এ মর্মে রেকর্ডে আছে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের পূর্বক আসামীদেরকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।